# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩৪৭/১৭৬ তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

বিষয় : অনুমোদিত এডহক কমিটি বাতিল প্রসঙ্গে।

সূত্র: ১। নং বামাশিবো/প্রশা /২৩১২৫১৩৫০৩৯২/১১৯৯০৯ তারিখ: ১৯-১০-২০২৫ খ্রি.
২। বোর্ডের ই-ফাইলে নং ২৩৩২৫১৩৫০৩৯১ আইডিতে ২০২৫-১১-০৩ ইং তারিখের আবেদন
৩। স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩৪৭/১৬৫ তারিখ: ০৪-১১-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলার দারুল আরকাম একাডেমী দাখিল মাদ্রাসার সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন সূত্রোক্ত ১ নং স্মারকে দেয়া হয়। অনুমোদিত এডহক কমিটি বিধি-বিধান অনুসরন না করে গোপনে যোগসাজশে করা হয়েছে বিধায় সদ্য জারিকৃত এডহক কমিটি বাতিল করে নতুন প্রস্তাবিত কমিটি অনুমোদ চেয়ে মাদ্রাসার দাতা সদস্য জনাব মীর আহমদ সূত্রোক্ত ২ নং স্মারকে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের আলোকে সূত্রোক্ত ৩ নং স্মারকের মাধ্যমে ১২.১১.২০২৫ ইং রোজ বুধবার সকাল: ১০:০০ ঘটিকায় অত্র বোর্ডের রেজিস্ট্রারের দপ্তরে উপস্থিত হয়ে মাদ্রাসা সুপার ও অভিযোগকারীকে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক অভিযোগের বিষয়ে স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। শুনানীতে অভিযোগকারী জনাব মীর আহমদ নিজস্ব দাবির পক্ষে প্রয়োজনীয় কাগজপত্র প্রদান করেন এবং বক্তব্য তুলে ধরেন। সুপারের পক্ষে জনাব মোহাম্মদ সাদাত উল্লাহ প্রয়োজনীয় কাগজপত্র প্রদান করেন এবং বক্তব্য তুলে ধরেন।

অভিযোগের বিষয়ে স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র পর্যালোচনায় এডহক কমিটি সংশ্লিষ্টদের জ্ঞাতসারে করা হয়নি মর্মে প্রতীয়মান হয়; বিধায় ১ নং স্মারকের অনুমোদিত এডহক কমিটি বাতিল করা হলো। প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে বিধি অনুসরণ করে নতুন এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার, দারুল আরকাম একাডেমী দাখিল মাদ্রাসা,
আধুনগর, ডাকঘর: আধুনগর-৪৩৯৬, লোহাগাড়া, চট্টগ্রাম।

নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-৩৪৭/১৭৬ তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ / ১৬ নভেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম;
৫. সভাপতি, দারুল আরকাম একাডেমী দাখিল মাদ্রাসা, লোহাগাড়া, চট্টগ্রাম;
৬. জনাব মীর আহমদ (অভিযোগকারী), মজিদের পাড়া, চরম্বা, লোহাগাড়া, চট্টগ্রাম;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৬.১১.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd